# উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর জুন /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিয়াকৈর, গাজীপুর। |
| তারিখ | ঃ | ০৮/০৬/২০২৩খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের প্রতি বিনম্র শ্রদ্ধা এবং মহান মুক্তিযুদ্ধে সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্য শুরু করা হয়।

০২। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর মে/২০২৩খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সভায় উপস্থিত মাননীয় উপদেষ্টা মহোদয়কে উপজেলার আওতাধীন সকল বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১১ জন জুনিয়র কনসালট্যান্ট পদের মধ্যে ৫টি পদ শুন্য আছে। শুন্য পদ সমুহ ১.জুনিয়র কনসালট্যান্ট ইএনটি(নাক,কান,গলা) ২.জুনিয়র কনসালট্যান্ট অপথালমোলজি ৩.জুনিয়র কনসালট্যান্ট কাডিওলর্জি. 4.জুনিয়র কনসালট্যান্ট সার্জারী ৫.জুনিয়র কনসাল ট্যান্ট মেডিসিন। নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে । চলতি মাসে সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ৩১ জনকে ও নরমাল ডেলিভারী করানো হয়েছে ৫৩ জনকে মোট ডেলিভারীর করানো হয়েছে ৮৪ জনকে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে আউটডোরে সাধরন রোগী সেবা প্রদান করা হয়েছে ১৩৬০৪ জনকে।ইপিআই কর্ণার (শিশুদের টিকা কেন্দ্র) জন্য আলাদা রুমনা থাকায় ইপিআই কর্ণার ও আউটডোর টিকেট কাউন্টার পাশাপাশি অবস্থিত এতে সাধারন সেবা গ্রহীতা ও ইপিআই টিকা নিতে আসা মায়েরা ভোগান্তির স্বীকার হন। ইপিআই টিকার জন্য বাহিরে একটি শেড নির্মাণ করা একান্ত প্রয়োজন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অন্যন্যা স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৬১২০৮ জন।এর মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ কারীর সংখ্যা ৪৭,১২৭ জন এবং গ্রহণ কারীর হার ৭৬.৯৯%। আইইউডি গ্রহণকারীর সংখ্যা ৪৪জন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৭টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধকরণ সহকমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের ৮৪% পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে রয়েছে।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, রোপা আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা ৪৫৯৫ হেক্টর এবং চারা রোপন চলমান। রোপা আমন ধান আবাদ বৃদ্ধির লক্ষে অত্র উপজেলায় ৫০০ জন কৃষক কৃষানীর মাঝে উফশী ধান বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং ৮০ জন কৃষক কৃষানীর মাঝে হাইব্রিড ধানের বীজ বিতরন করা হয়েছে। আউশ ধানের আবাদের লক্ষমাত্রা ৮০ হেক্টর নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে অর্জন হয়েছে ৭০ হেক্টর। খরিব-১ মৌসুমের শাকসবজি আবাদের লক্ষ্যমাত্রা ৯৬৫ হেক্টর নির্ধারণ করা হয়েছে। এর মাঝে অর্জন হয়েছে ১০২১ হেক্টর। অত্র উপজেলাতে চাষাবাদের জন্য পর্যাপ্ত সারের মজুদ বিদ্যমান আছে। বর্তমানে কোন ঘাটতি নাই। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | রোডম্যাপ অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী গণ |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে, বিভিন্ন হাট বাজারে মৎস্যজীবীদের নিয়ে সভা আয়োজন করা হয় এবং অত্র উপজেলার মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে নিয়মিত পরামর্শ প্রদান করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ঈদুল আযহা/২০২৩ এ কালিয়াকৈর উপজেলায় মোট ২৯৬১৪ গবাদি পশু কোরবানি করা হয়েছে। তন্মোধ্য ষাড়/বলদ ৯৪৩৭ টি, গাভী/বকনা ২৩৮৫টি, মহিষ ২৫০টি এবং ছাগল-ভেড়া ১৭৫৪২টি। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মান উন্নয়নের জন্য সমন্বিত প্রাণি সম্পদ প্রকল্পের আওতায় ২৫৭ জন খামারীকে হাঁসের ঘর প্রদান করা হয়েছে। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে আদ্যবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সকল কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর । |
| সমাজসেবা বিভাগ | **ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদান সম্পর্কে আলোচনাঃ** কালিয়াকৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ও কালিয়াকৈর পৌরসভাসহ সর্বমোট ২২ টি আবেদন জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে। | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানের চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর, গাজীপুর। |
| | **রোগীকল্যাণ সমিতি সম্পর্কে আলোচনাঃ** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, জুন/২০২৩ মাসে ৬ জন ব্যক্তিকে প্রয়োজনীয় ঔষধ কিনে দেওয়া হয়েছে। | রোগীকল্যাণ সমিতির ১১টি সেবা প্রদান কার্যক্রমকে আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালিয়াকৈর। ২। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিস কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি কার্ড বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহকায়তা কর্মসূচি ভাতাভোগীর ০৯টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা আবেদন চলমান রয়েছে। মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র উপজেলায় বিভিন্ন ইউনিয়নের পছন্দনীয় ট্রেডে ০৭ টি অপ্রাতিষ্ঠানিক ব্যাচে মোট ২১০ জনকে প্রশিক্ষণ দেওয়ার | প্রশিক্ষন কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনা ও নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে।কম্পিউটার বিষয়ে আরও যুব ও যুবনারীদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহন করতে হবে।যুব সংগঠনকে সক্রিয় করে তাদের সন্ত্রাশ, জঙ্গীবাদ,বাল্যবিবাহ প্রতিরোধ সহ অন্যান্য | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | নির্দেশনা হয়েছে। এর মধ্যে মধ্যপাড়া ইউনিয়নের পূর্ব চাঁনপুর গ্রামে ও মৌচাক ইউনিয়নের তালতলী গ্রামে তালতলী সরকারি পাথমিক বিদালয়ে যুব ও যুবনারীদের মধ্যে ৬০ জনের ০২টি ব্যাচ হাঁস মুরগী পালন ও গাভী পালন বিষয়ক (অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন হয়েছে। এছাড়া মার্চ/২০২৩ ও এপ্রিল/২০২৩ মাসে বি.আর.ডি.বি.হল রুমে যুব ও যুবনারীদের মধ্যে ৯০ জনের ০৩টি ব্যাচ যথাক্রমে হাঁস মুরগী পালন, গরু মোটাতাজাকরণ ও মোবাইল সার্ভিসিং বিষয়ক (অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন হয়েছে। এছাড়া মে/২০২৩ মাসে ঠেঙ্গারবান্দ আশ্রয়ণ প্রকল্পে ও গোয়ালবাথানে বেগম সুফিয়া মডেল হাইস্কুলে যুব ও যুবনারীদের মধ্যে ৬০ জনের ০২টি ব্যাচ যথাক্রমে শাক সবজি চাষ ও গরু মোটাতাজাকরণ বিষয়ক (অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন হয়েছে। এই অর্থ বছরে ০৭টি ব্যাচে সর্বমোট ২১০ জন যুব ও যুবনারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্য হতে ৭০% আত্মকর্মী করার লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৬ জন করে প্রশিক্ষণার্থী প্রেরনের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় মোট নিবন্ধিত ৩৩ টি যুব সংগঠন ও ৭৮ টি তালিকাভুক্ত যুব সংগঠন রয়েছে। যুব সংগঠন গুলোকে সক্রিয় রাখার জন্য প্রতিটি নিবন্ধিত যুব সংগঠনে চলতি অর্থ বছরে খেলাধূলার সামগ্রী বিতরণ করা হয়েছে। ঋণ বিতরন ও আদায়ের হার সন্তোষজনক রয়েছে। যুব কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। | সামাজিক কর্মকান্ডে সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) কালিয়াকৈর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের এ্যাম্বোলেন্স ও গাড়ী রাখার জন্য গ্যারেজ নির্মাণ, এ্যাম্বোলেন্স সি,এন, জি করন, বাম্পার স্থাপন, রেজিষ্ট্রিকরণ ও তৎআনুসাঙ্গিক কাজের জন্য ৯,৯১,৫০০.০০ টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কোটেশন পদ্ধতির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| | শ্রীফলতলী ইউনিয়নের শ্রীফলতলী-আড়াইগঞ্জ রাস্তার দুইপার্শ্বে ২টি গোলবার স্থাপন করা প্রয়োজন। প্রতিটি ১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | বোয়ালী ইউনিয়নের ডাকুরাইল গ্রামের নাসির সাহেবের বাড়ী হতে আজাহারের দোকান পর্যন্ত রাস্তা (১৫০মিঃ) এইচবিবি দ্বারা উন্নয়ন করা প্রয়োজন। ৯,৯৪,৯৮৯.০০ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ইজিপি (সীমিত দরপত্র) পদ্ধতি এর মাধ্যমে দরপত্র আহবান করে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | বোয়ালী ইউনিয়নের নরেন্দ্র নারায়ন উচ্চ বিদ্যালয় ও বোয়ালী মন্দির রাস্তা উন্নয়ন কাজ (টেন্ডার আইডি নং-৭৪২৬৯৮) বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। প্রাক্কলনে মাটি না থাকায় কিছু মাটি অর্ন্তভূক্ত করে রাস্তাটি বাস্তবায়ন করা প্রয়োজন।ফলে মাটি ও রাস্তার দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় আরও ২,১৩,১২৪.০০টাকা প্রয়োজন। সংশোধিত চুক্তি মূল্য ২৭,৩৯,৭৮৩.০০ টাকা এর স্থলে ২৯,৫২,৯০৭.০০ টাকা। কাজটি বাস্তবায়নের জন্য সংশোধিত প্রাক্কলনটি উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | কালিয়াকৈর উপজেলার ৬৪ জন বীর মুক্তিযোদ্ধার নামে রাস্তার নাম ফলক নির্মাণ করা প্রয়োজন। সে লক্ষ্যে ৯,৮৩,৫৮০.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ইজিপি | -ঐ- | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (সীমিত দরপত্র)পদ্ধতির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | | |
| | ইজিপি লটারীর মাধ্যমে ০৩ জন নির্বাচিত ঠিকাদার (টেন্ডার আইডি নং ৭৮৬১৩৯, ৭৮৬১৪০,৭৭৩৩৯৯) তাদের কাজের বিপরীতে যথাসময়ে Performace Security জমাদানে ব্যর্থ হওয়ায় টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত হয়েছে। উপজেলা প্রকৌশলীর নামে সরবরাহকৃত ০৩টি ব্যাংক ড্রাফট্ (৫০,০০০+১২৫০০০+১২০০০০)= ২,৯৫,০০০.০০(দুই লক্ষ পঁচানব্বই হাজার টাকা) সরকারি কোষাগারে জমা করা প্রয়োজন। উক্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের লক্ষ্যে উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২০-২১ইং অর্থ বছরে (a) Improvement of road from Khalishajani Moddhapara Jam-E-Mosque – Khalishajani hosue of Sarafat road by H.B.B under Fulabria UP (b) Improvement of road from Fulbaria Ramchandra pacca road to Ramchandrapur Moulana Jiarat Ali house by HBB under Fulbaria UP (c) Improvement of road from Fulbaria- Mouchak pacca road – Dhakhinpara house of Ebrahim by H.B.B under Fulbaria UP (d) Improvement of road from Khilpara pacca road – Fulbaria Uttarapara house of Murad Ali by BFS under Fulbaria UP (e) Imrovement of road from Kachighata Jakirul Islam Babul – Gayenchala Four connecting road more by H.B.B under Fulbaria UP (f) Improvement of road from Mojidchala house of Khalil (6 No. Ward) – Jathalia house of Saizuddin by BFS under Fulbaria UP (Contract Package No, e-Tender ID: 545574, KAK/ADP/2020-21/W-13) উন্নয়ন কাজগুলো বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে ঠিকাদার নির্বাচন করে মেসার্স আহাদ নূর এন্টারপ্রাইজ, কালিয়াকৈর, গাজীপুরকে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার মৃত্যু বরণ করায় ঠিকা চুক্তি বাতিল করে ২০২৩-২০২৪ অর্থ বছরে কাজটি বাস্তবায়নের জন্য সংশোধিত প্রাক্কলন (প্রাক্কলিত মূল্য- ৭৪,১৪,৪৩২.৩০) প্রস্তত করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ইজিপি (সীমিত দরপত্র)পদ্ধতির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | মধ্যপাড়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের সেজাবহ মাইদ মিয়ার বাড়ী হতে সাদি মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তাটি ইট সলিং করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২টি দরপত্র বিজ্ঞপ্তির ২৮টি প্যাকেজের চুক্তি মূল্য ১৪,৫৬,১৬,০০০.০০ টাকা ব্যয়ের বিপরীতে উক্ত টাকার তদারকি ব্যয়/আনুসাঙ্গিক খরচ বাবদ (১৪,৫৬,১৬,০০০.০০ এর ০.৫%) হারে ৭,২৮,০০০.০০/- টাকা উত্তোলন করা প্রয়োজন। উপজেলা পরিষদ উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন কৌশল এর ১৫ নং ক্রমিকে এ বিষয়ে নির্দেশনা রয়েছে। উল্লেখিত টাকা বিল/ভাউচারের মাধ্যমে উত্তোলন করার জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |
| | ফুলবাড়ীয়া ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের বাসাকৈর গ্রামের আব্দুল জব্বার এর বাড়ীর পশ্চিম পার্শ্বের ইট সলিং এর মাথা হইতে বাসাকৈর সার্বজনীন দূর্গা মন্দির অভিমূখে রাস্তাটি ইট সলিং করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | -ঐ- | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ফুলবাড়ীয়া ইউনিয়নে ফুলবাড়ীয়া হাবেজ উদ্দিন সরকার কলেজে একটি স্থায়ী মঞ্চ নির্মাণের জন্য গত ০৬/০৪/২০২৩ইং তারিখে ২.০০ লক্ষ টাকা অনুমোদন প্রদান করা হয়। স্থায়ী মঞ্চ নির্মাণের জন্য নির্ধারিত জায়গাটিতে মঞ্চ নির্মাণ করা সম্ভব না হওয়া এবং কলেজের সামনে কোন রাস্তা না থাকায় কলেজ অধ্যক্ষ প্রকল্পটি পরিবর্তনের আবেদন করেছেন। সে লক্ষ্যে হাবেজ উদ্দিন কলেজে প্রবেশের অভ্যন্তরীন রাস্তাটি ইট সলিং দ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উন্নয়নের জন্য উপজেলা উন্নয়ন সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী জানান যে, কালিয়াকৈর উপজেলায় বিভিন্ন প্রকল্প হতে মোট ৪,৪৯৪ (চার হাজার চার শত চুরানব্বই) টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। স্ট্রাকচার ও প্লাটফর্মের কাজ চলমান রয়েছে। "গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন" প্রকল্প হতে টাইপ-এ ৭টি ও টাইপ-বি ৩৪টি পাবলিক টয়লেটর কাজ চলমান অবস্থায় রয়েছে। ফুলবাড়িয়া ইউনিয়ন ও ঢালজোড়া ইউনিয়ন এ ৩ কিঃ মিঃ ড্রেনের কাজ চলমান অবস্তায় রয়েছে। "৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে কালিয়াকৈর পৌরসভায় ১.১কিঃ মিঃ ড্রেনেজ এর কাজ সমাপ্ত হয়েছে এবং ৪০০ মিটারের কাজ চলমান অবস্থায় রয়েছে। | উক্ত কাজ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড মূলকর্মসূচীসহ অন্যান্য প্রকল্প/কর্মসূচী সমূহে দক্ষতারসহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রেখেছে। এ প্রেক্ষাপটেমে/২৩ ইং মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে ৬৪.৪৫(লক্ষ) টাকা ঋণ বিতরণ করে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণ হতে ৮০.৪১(লক্ষ) টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ০.৯৪ (লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার- ৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১০০৫৭.০৪ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৬৫১.৫৩ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ৩৯.৫৬ (লক্ষ) টাকা আদায়কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা ০.৩৩ লক্ষ টাকা, সঞ্চয় জমা ২.৬৪ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৩৭.৭৪ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০৮.০৯ লক্ষ টাকা।পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে ০১টি করে মোট ০৩টি ইউনিয়ন সমন্বয় সভা সম্পন্ন হয়েছে। উক্ত মাসে৫ (পাঁচ) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিকমুক্ত পানি ও ফরমালিনমুক্ত খাবার, গাভী মোটাতাজাকরণ, হাঁস মুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিআরডিবি'র পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ঋণ কার্যক্রম সন্তোষজনক, তবে কার্যক্রম আরও জোড়দার করতে হবে। মেয়াদোত্তীর্ণ ঋণ শূন্যের কোটায় নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ তা সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১। এনসিটিবি থেকে প্রাপ্ত ২০২৩ শিক্ষাবর্ষের বিনামুল্যের সকল | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত | উপজেলা মাধ্যমিক শিক্ষা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে বিতরন সম্পন্ন হয়েছে। ২। নতুন কারিকুলাম বিস্তরন উপলক্ষ্যে মাধ্যমিক স্তরের শিক্ষকদের অধিকতর প্রশিক্ষন প্রয়োজন। সে লক্ষ্যে উপজেলা পরিষদ থেকে ১৫,০০০০০/-(পনের লক্ষ টাকা মাত্র) বরাদ্দ প্রয়োজন। ৩। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মানন্নোয়নের জন্য 'মা' সমাবেশ করা প্রয়োজন । সে লক্ষ্যে উপজেলা পরিষদ তহবিল থেকে ৫,০০০০০/-(পাচ লক্ষ টাকা মাত্র) বরাদ্দ প্রয়োজন।৪। মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস রুমটি বর্ধিত করন খুবই জরুরী। বর্তমান প্রেক্ষাপটে রুমটিতে ১০-১২টি চেয়ারের ধারন ক্ষমতা রয়েছে সে কারনে এক সংগে অধিক সংখ্যক প্রধান শিক্ষকদের বসতে দেয়া সম্ভব হয়না। রুমটি বর্ধিত করার মত জায়গা ও আছে এবং রুমটি বর্ধিত করনসহ ডেকোরেশনের জন্য ৩,০০০০০/-(তিন লক্ষ টাকা মাত্র) টাকা যা উপজেলা পরিষদ কর্তৃক বরাদ্দ প্রদান করা প্রয়োজন। ৫। মাধ্যমিক শিক্ষা অফিসের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হ"ছ ।। | হয়। | অফিসার |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কালিয়াকৈর খাদ্য গুদামের খাদ্য শস্যের বর্তমান (১২/০৭/২০২৩) মজুত। চাল- ৫৮৭.০০০ মে:টন, গম-৫০.২৮৩ মে:টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, অত্র উপজেলায় ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের রিভাইজিং অথরিটির কার্যক্রম ইতিমধ্যে শেষ হয়েছে। যারা এ হালনাগাদে বাদ পড়েছে তাদেরকে অত্র দপ্তরে নতুন ভোটার হওয়ার জন্য আবেদন গ্রহণ অব্যাহত আছে। এছাড়া ভোটাদের তথ্য-উপাত্য সংশোধন, স্থানান্তর এবং বিদ্যমান ভোটারদের পৌরসভা এবং ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরন এবং অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। এছাড়া গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনে সহকারী রিটানিং অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাচন অফিসার |
| বিএডিসি সেচ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (সেচ) |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১) আউশ ফসলের নমুনা কর্তন। ২) মাসিক কৃষিমজুরীর তথ্য সগ্রহ। ৩) বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ।৪)বনজরিপ। ৫) পাট ফসলের নমুনা কর্তন। ৬) আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচজরিপ। | চলমান কার্যক্রমগুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| আনসার ভিডিপি বিভাগ | সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মুলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করাসহ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ, কালিয়াকৈর জোনাল অফিস জানান যে, মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনলাইনে গ্রহকের আবেদন গ্রহণ করা হয় এবং ০৭(সাত) দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয়। সংযোগ নেওয়ার জন্য গ্রহককে অফিসে আসার প্রয়োজন হয় না। অত্র প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা একান্তকাম্য। | মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। তাছাড়া কালিয়াকৈর উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ(সকল) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, ১। সমিতির সংখ্যাঃ- কালিয়াকৈর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যাঃ-৬২৪টি। তন্মধ্যে বিভাগীয় প্রাথমিক সাধারণ সমিতি-৩৫২টি, বিআরডিবি ভুক্ত প্রাথমিক সমিতির সংখ্যা-২৭৪ টি ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতি-০১টি ।২। অডিটঃ-অত্র উপজেলায় মোট | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অডিটযোগ্য/কার্যকর প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৪৪টি। মে/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত অডিট সম্পাদনকৃত বিভাগীয় প্রাথমিক সমববায় সমিতির সংখ্যা-১৪৪টি। অডিট সম্পাদনের হার-১০০% ।৩। অডিটফিঃ- অত্র উপজেলায় ২০২১-২০২২খ্রিঃ সনের বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি ধার্যের পরিমান-২৯,০৮০/-টাকা। মে/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত অডিট ফি আদায় করা হয়েছে-২৯,০৮০/- টাকা, আদায়ের হার-১০০% ।৪। সমবায় উন্নয়ন তহবিলঃ- ২০২১-২০২২খ্রিঃ সনে বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান-৩১,২২৭/-টাকা। মে/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত ৩১,২২৭/- টাকা আদায় করা হয়েছে ,আদায়ের হার-১০০% ।৫। আশ্রয়ণ প্রকল্পঃ- কালিয়াকৈর উপজেলায় সমবায় কার্যালয়ের আওতাধীন ০২টি আশ্রয়ণ প্রকল্পরয়েছে যা নিন্মে উল্লেখ করা হলোঃ<br>(ক) চুনুয়া আশ্রয়ণ প্রকল্প ঃ মাননীয় প্রধান মন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প | | |
| | দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত টাকা-৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা যাহা ঘূর্ণায়মান তহবিল আকারে-১৭,৩০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। মে/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমান (আসল) ১২,২৬,৭১২/-টাকা, সার্ভিস চার্জ আদায়-৯৯,০৮৭/-টাকা। ঋণ আদায়ের শতকরা হার-৭০.৯০। ঋণ আদায় কার্যক্রম চলমান।(খ) সোনাতলা আশ্রয়ণ প্রকল্প ঃ- মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তরহতে ঋণ বাবদ ছারকৃত ৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা যাহা ঘূর্ণায়মান তহবিল আকারে ১৩,২৮,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। মে/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত ঋণ আদায় (আসল) ৮,৬৩,৪৪৬/- টাকা। মে/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত সার্ভিস চার্জ আদায়-৬৯,৩১৯/- টাকা। ঋণ আদায়ের শতকরা হার ৬৫.০১। ঋণ আদায় কার্যক্রম চলমান। | | |
| কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকে কালিয়াকৈর জানান যে, কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৮১৭১ জন। বর্তমান মাসে সঞ্চয় আদায়হয়েছে ২.৯৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৪৮৯.৭২ টাকা। বর্তমান মাসে ঋণ বিতরণ হয়েছে ৯৭.২০লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫৪৬২.২১ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ আদায় হয়েছে১০৭.৮৭লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৪১১২.৫৭লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৭৬%। ইতোমধ্যে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ৩৬০ জন সদস্যের মাঝে ১৩২.৫০ লক্ষ টাকা কর্মসৃজন ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩২১ জন কৃষকের মাঝে মোট ৬৩.৫০ লক্ষ টাকা শস্যগোলা ঋণ বিতরণ করা হয়েছে।সমিতি পর্যায়ে ৩৭০.৩৫ লক্ষ টাকা খেলাপী হিসেবে পড়ে আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হচ্ছে। সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করছি। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে। সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়াকৈর শাখা। |
| বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর জানান যে, কালিয়াকৈর উপজেলার ইজারকৃত সকল হাট-বাজারে প্রাণির খাদ্যের উপর খাজনা আদায় না করার বিষয়ে প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনার পর ইজারকৃত সকল হাট-বাজারে প্রাণির খাদ্যের উপর খাজনা আদায় না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ঢ) মোতাবেক উপজেলা পরিষদ এর বিদ্যুৎ বিল বাবদ জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ৫টি বিদ্যুৎ মিটার এর বক্রেয়া বিল ২,১২,০২৮/- (দুই লক্ষ বার হাজার আটাশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ঢ) মোতাবেক উপজেলা পরিষদ এর বিদ্যুৎ বিল বাবদ জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ৫টি বিদ্যুৎ মিটার এর বক্রেয়া বিল ২,১২,০২৮/- (দুই লক্ষ বার হাজার আটাশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। |
| বিবিধ-৩ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জানুয়ারি/২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৪২৫০০/-(বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা জনাব মোঃ সেলিম আহম্মেদ, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জানুয়ারি/২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৪২৫০০/-(বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা, জনাব মোঃ সেলিম আহম্মেদ, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জানুয়ারি/২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা, অধ্যাপিকা জায়েদা নাসরিন, উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা সর্বমোট ১,১২,৫০০/- (এক লক্ষ বার হাজার পাঁচশত) টাকা পরিশোধের জন্য দাখিল করেছেন। এ বিষয়ে আলোচনা করা হয়। দাখিলকৃত বিল সমূহ অনুমোদন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে ঐক্যমত পোষন করা হয়। | জানুয়ারি/২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা, জনাব অধ্যাপিকা জায়েদা নাসরিন, উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বাবদ ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা সর্বমোট ১,১২,৫০০/- (এক লক্ষ বার হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | গাজীপুর। |
| বিবিধ-৪ | উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর পুরাতন স্থাপনা গোডাউন এর হোল্ডিং এর বিপরীতে ২০২২-২০২৩ অর্থ পৌর করের পরিমাণ =৬,৫০০/- (ছয় হাজার) টাকা এবং উপজেলার সরকারি স্থাপনার হোল্ডিং এর বিপরীতে ২০২২-২০২৩ অর্থ বছর পৌর করের পরিমাণ=৬,৭০,০০০/- (ছয় লক্ষ সত্তর হাজার) টাকার পৌর কর পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর পুরাতন স্থাপনা গোডাউন এর হোল্ডিং এর বিপরীতে ২০২২-২০২৩ অর্থ পৌর করের পরিমাণ =৬,৫০০/- (ছয় হাজার) টাকা এবং উপজেলার সরকারি স্থাপনার হোল্ডিং এর বিপরীতে ২০২২-২০২৩ অর্থ বছর পৌর করের পরিমাণ=৬,৭০,০০০/- (ছয় লক্ষ সত্তর হাজার) টাকার পৌর কর উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। |
| বিবিধ-৫ | কালিয়াকৈর উপজেলা পরিষদ এর শ্রীফলতী ইউনিয়ন ভূমি অফিস কর্তৃক দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থ বছরের বাংলা ১৪২৯ সনের ভূমি উন্নয়ন করের দাবী পরিমাণ =৩৮,৮৮০/- (আটত্রিশ হাজার আটশত আশি) টাকা পরিশোধের বিষয়ে আলোচনা হয়। এবং কালিয়াকৈর উপজেলা পরিষদ এর মোথাজুরী ইউনিয়ন ভূমি অফিস কর্তৃক দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবী বাংলা ১৪২৯ সনের দাবির পরিমাণ = ১৫,৩২০/-(পনের হাজার তিনশত বিষ) টাকা পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | কালিয়াকৈর উপজেলা পরিষদ এর শ্রীফলতী ইউনিয়ন ভূমি অফিস কর্তৃক দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থ বছরের বাংলা ১৪২৯ সনের ভূমি উন্নয়ন করের দাবী পরিমাণ =৩৮,৮৮০/- (আটত্রিশ হাজার আটশত আশি) টাকা পরিশোধের বিষয়ে আলোচনা হয়। এবং কালিয়াকৈর উপজেলা পরিষদ এর মোথাজুরী ইউনিয়ন ভূমি অফিস কর্তৃক দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থ বছরের বাংলা ১৪২৯ সনের ভূমি উন্নয়ন করের দাবির পরিমাণ = ১৫,৩২০/-(পনের হাজার তিনশত বিশ) টাকা উপজেলা রাজস্ব হতবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কালিয়াকৈর, গাজীপুর।

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯- ৪৮৮/৬/১(৫৩)

তারিখ: ০৮/০৬/২০২৩খ্রি.

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। আলহাজ্ব এ্যাডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, কালিয়াকৈর উপজেলা পরিষদ, গাজীপুর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৭। উপজেলা ................................................... অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৮। চেয়ারম্যান ..............................................ইউপি(সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর।
১০। জনাব ..................................................................................................।
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।